



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, গয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০১


প্রেস রিলিজ

স্বাস্থ্যবিধি মেনে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসাসমূহের অন-লাইন ক্লাস চালুর তাগিদ উপাচার্যের

নভেল করোনা ভাইরাসের কারণে দেশের সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। এ অবস্থায় উচ্চ শিক্ষা কার্যক্রমে করণীয় ঠিক করতে গত ৩০ এপ্রিল ২০২০ তারিখ বৃহস্পতিবার বিকেল ৪টা থেকে সন্ধ্যা সোয়া ৬টা পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অন-লাইনে এক জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শিক্ষামন্ত্রী ড. দীপু মনি, শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. মাহবুব হোসেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক কাজী শহীদুল্লাহ সৈয়দ বশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। বৈঠকে উচ্চ শিক্ষা কার্যক্রম চালিয়ে নিতে অন-লাইনের মাধ্যমে ক্লাস নেয়ার আহবান জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে লকডাউন চলাকালীন শতভাগ স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা কার্যক্রম চালিয়ে নিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ অধিভুক্ত সকল ফাজিল কামিল মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও এর সাথে সংশ্লিষ্ট সকলকে বেশ কিছু নির্দেশনা প্রদান করেছেন।

নির্দেশনাসমূহ নিম্নরূপ:

- ১। যে সব মাদরাসার অন-লাইনে ক্লাস নেওয়ার সক্ষমতা রয়েছে তারা জরুরি ভিত্তিতে অন-লাইন ক্লাস চালু করবে। যেসব মাদরাসার অন-লাইন ক্লাসের সুবিধা নেই, তাদেরকেও দ্রুত এই সুবিধার আওতায় আসতে নির্দেশ দেয়া হচ্ছে।
- ২। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহের সেশনজটমুক্ত শিক্ষা কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা বহাল রাখতে লকডাউন শেষে পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্তে প্রতিটি শিক্ষার্থীদের নিজ নিজ ঘরে বসে পরীক্ষার যাবতীয় প্রস্তুতি নিতে বলা হচ্ছে। এই দুর্যোগ কাটিয়ে উঠার পর পরীক্ষায় অংশগ্রহণের সকল প্রস্তুতি মাদরাসা ও শিক্ষার্থীদের থাকতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের শিক্ষার স্বার্থে সিলেবাস শেষ করতে ক্লাস প্রোগ্রামের পরিকল্পনা করতে হবে।
- ৩। শিক্ষার্থীদের মনে রাখা উচিত বিশ্ববিদ্যালয়ের পড়াশোনার সিংহভাগ সিলেবাস শিক্ষার্থীকে তার নিজ উদ্যোগে সম্পন্ন করতে হয়। এই মহামারী চলাকালীন শিক্ষার্থীদের ধৈর্য ও স্বায়ত্ত্বশীল আচরণ করতে হবে এবং নিজ নিজ বাড়িতে বসে তার সিলেবাস অনুযায়ী পাঠগ্রহণ করে পরীক্ষার প্রস্তুতি নিতে হবে।
- ৪। শিক্ষা প্রতিষ্ঠান খুললেও অন-লাইন কার্যক্রম চালু রাখতে হবে। ছুটি দীর্ঘায়িত হলে পরীক্ষা ও উত্তরপত্র মূল্যায়নের প্রস্তুতি নেয়ার জন্য শিক্ষকদের কাজ করে যেতে হবে।
- ৫। সামাজিক দূরত্ব বজায় রেখে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা কর্মচারীদের উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নে বিশেষ সহযোগিতা কামনা করা হচ্ছে।


৯.৪.২০২০

এ. এস, মাহমুদ
রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
ইমেইল: iauregistr@gmail.com